

আন্তর্জাতিক

সুদানে সোনার খনি ধসে ৬০ শ্রমিক নিহত



প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ২০ সেপ্টেম্বর ২০২৬, ০৯:১১ PM



সুদানের পশ্চিম কুর্দোফান প্রদেশে সোনার খনি ধসে অন্তত ৬০ জন শ্রমিক নিহত হয়েছেন। মঙ্গলবার এল-নাহ্দিদ শহরের কাছে আল-জারা সোনার খনির কয়েকটি সুড়ঙ্গ ধসে এ দুর্ঘটনা ঘটে।

বুধবার সকাল পর্যন্ত ৬০টি মরদেহ উদ্ধার করা হয়েছে। দুর্ঘটনা থেকে বেঁচে যাওয়া দুই শ্রমিক এএফপিকে এ তথ্য জানিয়েছেন।

দুর্ঘটনার পর রাতভর উদ্ধার অভিযান চালানো হলেও খনির ভেতরে আরও কেউ আটকা পড়ে আছেন কি না, তা নিশ্চিত হওয়া যায়নি। ধ্বংসস্তূপ সরাতে ভারী যন্ত্রপাতির প্রয়োজন হলেও এর সংকট রয়েছে বলে উদ্ধারকারীরা জানিয়েছেন। একটি সুড়ঙ্গ ধসে পড়ার পর আশপাশের আরও কয়েকটি সুড়ঙ্গও ধসে যায় বলে এক শ্রমিক জানান।

সুদানে সোনার খনি ধসে প্রাণহানির ঘটনা নতুন নয়। ২০১৩ সালের মে মাসে উত্তর দারফুরের জাবাল আমির এলাকায় একটি সোনার খনি

ধসে ৬০ জনের বেশি শ্রমিক নিহত হয়েছিলেন। সে সময় আরও শ্রমিক নিখোঁজ থাকার খবরও পাওয়া যায়।

দেশটিতে ক্ষুদ্র ও অনানুষ্ঠানিক সোনার খনিতে নিরাপত্তাব্যবস্থার ঘাটতি দীর্ঘদিনের সমস্যা। ২০২৩ সাল থেকে চলমান যুদ্ধের কারণে অর্থনৈতিক সংকট আরও তীব্র হওয়ায় জীবিকার জন্য বহু মানুষ ঝুঁকিপূর্ণ খনিতে কাজ করছেন।

এ বিভাগের আরও খবর



মধ্যপ্রাচ্যের উত্তেজনায় আবারও ১০০ ডলারের ওপরে তেল
মধ্যপ্রাচ্যে বাড়তে থাকা উত্তেজনা এবং যুক্তরাষ্ট্রের মেক্সিকো উপসাগরীয় অঞ্চলে ঝড়ের আশঙ্কায় বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম বেড়েছে। যুগ্মবার রে...



কৃষ্ণ সাগরে তেলবাহী জাহাজে হামলা, ২৩ ভারতীয় নাবিক উদ্ধার
কৃষ্ণ সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে দ্রোণ হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ২৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উদ...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিদ্রোহ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিদ্রোহ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিদ্রোহ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্স...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/sudane-sonar-khni-dhse-60-shrmik-niht>